৩১ বর্ষ ৫ম সংখ্যা

১ চৈত্র ১৪২৩, ১৫ মার্চ ২০১৭

ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

জাতির জনক বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষে ঢাবি'র কর্মসূচী

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০১৭ উদযাপনের লক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০১৭ শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করেছে।

কর্মসূচী অনুযায়ী প্রো-উপাচার্য, কোষাধ্যক্ষ, সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ডিন, প্রাধ্যক্ষ, প্রক্টর, ওয়ার্ডেন, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক ও অফিস প্রধানবৃন্দ উপাচার্য ভবনে জমায়েত হয়ে সেখান থেকে সকাল ৭:০০টায় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে গিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। সকাল ১০:৩০টায় উপাচার্যের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ আবাসিক হল/হোস্টেলসমূহের মসজিদ/উপাসনালয়ে দোয়া/প্রার্থনা অনুষ্ঠিত হবে এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে মিষ্টি বিতরণ করা হবে।

এছাড়া, সন্ধ্যা ৬:৩০টায় সংগীত বিভাগের উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

* ২য় পৃষ্ঠায় দেখুন

৫০তম সমাবর্তন অনুষ্ঠানে সকলের সহযোগিতার জন্য উপাচার্যের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় ৫০তম সমাবর্তন অনুষ্ঠান শান্তি ও শৃঙ্খলার সাথে সম্পন্ন করার জন্য সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটস্ এবং সমাবর্তন অনুষ্ঠানের আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

একইসাথে নিরাপত্তা ও সতর্কতার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রেখে বিশ্ববিদ্যালয় ৫০তম সমাবর্তন অনুষ্ঠানের সকল কর্মকাণ্ডের সফল বাস্তবায়নে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্য, মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয় চ্যান্সেলর-এর দফতরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‌্যাবসহ অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য এবং গণমাধ্যমসহ সকলের সর্বাত্মক সহযোগিতার জন্য উপাচার্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তন গত ৪ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ সমাবর্তনে সভাপতিত্ব করেন। কানাডার ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অন্টারিও-এর প্রেসিডেন্ট ও ভাইস-চ্যান্সেলর অধ্যাপক অমিত চাকমা সমাবর্তন বক্তা হিসাবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সাইটেশন পাঠ ও ভাষণ প্রদান করেন।

উৎসবমুখর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তন অনুষ্ঠিত

ছাত্র রাজনীতির মাধ্যমে সৎ ও যোগ্য নেতৃত্ব গড়ে তুলতে হবে-রাষ্ট্রপতি

উৎসবমুখর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তন গত ৪ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। সমাবর্তন উপলক্ষে ক্যাম্পাসকে সাজানো হয় মনোরম সাজে।

বাংলাদেশের রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ সমাবর্তনে সভাপতিত্ব করেন। কানাডার ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অন্টারিও-এর প্রেসিডেন্ট ও

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৪ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তনে বাংলাদেশের রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো: আবদুল হামিদকে সম্মানসূচক ক্রেস্ট উপহার দেন।

ভাইস-চ্যান্সেলর অধ্যাপক অমিত চাকমা সমাবর্তন বক্তা হিসাবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সাইটেশন পাঠ ও ভাষণ প্রদান করেন। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ধন্যবাদ জ্ঞাপন করেন। এসময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনসহ মন্ত্রী পরিষদের সদস্য, সংসদ সদস্য, বিভিন্ন কূটনৈতিক মিশনের প্রধান, বিশ্ববিদ্যালয়ের সিনেট-সিন্ডিকেট সদস্য ও একাডেমিক পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

সমাবর্তনে কানাডার ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অন্টারিও-এর প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর অধ্যাপক অমিত চাকমাকে 'ডক্টর অব সায়েন্স' ডিগ্রি প্রদান করা হয়। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬১জন গবেষককে পিএইচডি, ৪৩জনকে এমফিল, ৮০জনকে স্বর্ণপদক এবং ১৭ হাজার ৮শ' ৭৫জন গ্র্যাজুয়েটকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়। সংশ্লিষ্ট অনুষদের ডিনগণ অনুষদভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটের ডিগ্রিপ্রাপ্ত গ্র্যাজুয়েটদের নাম উপস্থাপন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান সমাবর্তন অনুষ্ঠান সঞ্চালন করেন।

বাংলাদেশের রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো: আবদুল হামিদ ব্যক্তি ও পরিবারের চেয়ে দেশ ও জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার জন্য গ্র্যাজুয়েটদের প্রতি আহ্বান জানান। দেশের গণতন্ত্রের ভিতকে মজবুত করতে সৎ ও যোগ্য নেতৃত্ব গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, ছাত্র রাজনীতির মাধ্যমেই সে নেতৃত্ব তৈরী করতে হবে। অতীতের ছাত্র রাজনীতি এবং বর্তমানের ছাত্র রাজনীতির মধ্যে অনেক তফাৎ রয়েছে উল্লেখ করে তিনি বলেন, ষাটের দশকে ছাত্র-রাজনীতির আদর্শ ছিল দেশ ও জনগণের কল্যাণ সাধন করা। সেখানে ব্যক্তি বা গোষ্ঠী স্বার্থের কোন স্থান ছিল না। কিন্তু বর্তমানের ছাত্র রাজনীতিতে আদর্শের চেয়ে ব্যক্তি বা গোষ্ঠী স্বার্থের প্রাধান্য বেশী। কিছু ক্ষেত্রে অছাত্ররাই ছাত্র রাজনীতির নেতৃত্ব দেন। ফলে ছাত্র রাজনীতির প্রতি সাধারণ মানুষ ও সাধারণ শিক্ষার্থীদের আস্থা ও সমর্থন কমে যাচ্ছে। তিনি আদর্শভিত্তিক ও কল্যাণমুখী ছাত্র রাজনীতি করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। নিয়মিত ছাত্রদের ছাত্র রাজনীতির নেতৃত্বে আনতে তিনি ডাকসু নির্বাচনের ওপর গুরুত্বারোপ করেন। অন্যায় ও অসত্যের কাছে মাথা নত না করার জন্যও তিনি গ্র্যাজুয়েটদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সমাজ ও জনগণের কাছে দায়বদ্ধ থেকে জাতির প্রত্যাশা পূরণে গ্র্যাজুয়েটদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে-উপাচার্য

সমাবর্তন অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে হবে। এই লক্ষ্য অর্জনে বিশ্ববিদ্যালয়সমূহে জ্ঞানভিত্তিক কাঠামো নির্মাণ করতে হবে। সকল শিক্ষার মূল লক্ষ্য হচ্ছে মানব কল্যাণ। শুধু সার্টিফিকেট অর্জন বা পরীক্ষায় ভাল ফলাফল করে দেশের কল্যাণ সাধন সম্ভব নয়। এ জন্য তাদের ভাল মানুষ হতে হবে। বর্তমান বিশ্বায়নের প্রতিযোগিতায় টিকে থাকতে হলে ছাত্র-ছাত্রীদের আন্তর্জাতিক মানের গ্র্যাজুয়েট হতে হবে। তিনি বলেন, উচ্চ শিক্ষিত হয়েও অনেকে দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়েন। একারণে শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে। তিনি বলেন, মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও সত্য প্রতিষ্ঠার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে। এই কাজে তরুণ প্রজন্মকে নেতৃত্ব দিতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশের ইতিহাস এক ও অভিন্ন উল্লেখ করে উপাচার্য বলেন, এই বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ছাত্র থাকাকালে বঙ্গবন্ধু বিভিন্ন আন্দোলনে নেতৃত্ব দেন। পরবর্তীতে তাঁর নেতৃত্বেই বাংলাদেশ স্বাধীন হয়। নতুন প্রজন্মকে এই ইতিহাস জানতে হবে।

সফলতার জন্য প্রয়োজন যোগ্যতা কর্মনিষ্ঠা ও চারিত্রিক গুণ-অধ্যাপক অমিত চাকমা

অধ্যাপক অমিত চাকমা

সমাবর্তন অনুষ্ঠানে কানাডার ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অন্টারিও-এর প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর অধ্যাপক অমিত চাকমা বলেন, জীবনে সফল হওয়ার জন্য ৩টি বৈশিষ্ট্য জরুরী। তা হলো- যোগ্যতা, কর্মনিষ্ঠা ও চারিত্রিক গুণ। নিজের দক্ষতা ও মেধাকে কাজে লাগিয়ে এসব গুণ অর্জন করতে হবে। ভাল ও মন্দের বিচার করার সক্ষমতা অর্জন করতে হবে। নীতির ওপর ভিত্তি করে সিদ্ধান্ত নিতে হবে। নীতিভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সকল গ্র্যাজুয়েট নেতৃত্ব দিলে বাংলাদেশের ভবিষ্যৎ উজ্জ্বল হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'নীতিবাক্য' শিক্ষাই আলো। শিক্ষার জন্য আলোর চেয়ে কোনো ভালো রূপক আর হয় না। ঢাকা বিশ্ববিদ্যালয় জ্ঞানের মোমবাতির সমতুল্য।

গ্র্যাজুয়েটদের উদ্দেশ্যে তিনি আরও বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো উঁচু মানের প্রতিষ্ঠানের ডিগ্রি অর্জন করতে আপনাদের কঠোর পরিশ্রম করতে হয়েছে। যদিও আমাকে আপনাদের মতো কোনো কাজই করতে হয়নি, তবুও আমি সম্মানসূচক ডিগ্রি অর্জন করে আপনাদের সহপাঠী হতে পেরে আনন্দিত ও গর্বিত। আপনারা সবাই মেধাবী। আপনাদের মেধাকে ভালো কাজে লাগাতে হবে। শিক্ষার মানে শুধু শাস্ত্রজ্ঞান অর্জন নয়। শিক্ষার মূল উদ্দেশ্য জ্ঞান অর্জনের মাধ্যমে মনের জানালা খুলে দেওয়া, মনকে বিকশিত আর উন্মুক্ত করা। উচ্চাকাঙ্ক্ষা পূরণে দৃঢ়তা আর পরিশ্রম হলো সাফল্যের চাবিকাঠি। বড় বড় স্বপ্ন দেখুন। ছোট থেকে শুরু করে ধাপে ধাপে এগিয়ে যান।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার সৌভাগ্য আমার হয়নি, তবে এই বিশ্ববিদ্যালয় আমার অন্তরে একটি বিশেষ স্থান জুড়ে রয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমার সম্পর্ক পারিবারিক। আমার পরিবারের অনেক সদস্য এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষক।

২ মার্চ 'পতাকা উত্তোলন দিবস'

মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে -উপাচার্য

'পতাকা উত্তোলন দিবস' উদ্‌যাপন উপলক্ষে গত ২ মার্চ ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় কলা ভবন সংলগ্ন ঐতিহাসিক বটতলা প্রাঙ্গণে জাতীয় সংগীত পরিবেশনের সাথে সাথে পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে জাতীয় সংগীত পরিবেশন করে বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ ও নৃত্যকলা বিভাগের শিক্ষার্থীরা।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। স্বাগত বক্তব্য প্রদান করেন অনুষ্ঠানের প্রধান সমন্বয়ক ও

* ২য় পৃষ্ঠায় দেখুন

গত ৮ ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় উন্নয়ন অধ্যয়ন বিভাগের 'সেন্টার অন বাজেট এন্ড পলিসি' কর্তৃক প্রকাশিত অধ্যাপক ড. আতিউর রহমান রচিত 'ফিরে দেখা' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উক্ত গ্রন্থের মোড়ক উন্মোচন করেন।

মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে -উপাচার্য

(১ম পৃষ্ঠার পর)

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার মো. এনামউজ্জামান এবং স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী বুলবুল মহলানবীশ। বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর।

জাতীয় পতাকা উত্তোলন শেষে প্রদত্ত বক্তব্যে প্রথমেই উপাচার্য মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন, শ্রদ্ধা জ্ঞাপন করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি। তিনি বলেন, ১৯৭১ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগ্রামী ছাত্র সমাজের উদ্যোগে এবং তৎকালীন ছাত্র নেতৃবৃন্দের অংশগ্রহণে কলাভবন প্রাঙ্গণে বাংলাদেশের মানচিত্র খচিত স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়, যা মুক্তিযুদ্ধে প্রেরণার উৎস ছিল। এই সময়ই বঙ্গবন্ধুর ডাকে সারাদেশে অসহযোগ আন্দোলন শুরু হয়েছিল। অসহযোগ আন্দোলন এমন পর্যায়ে গিয়েছিল যে তৎকালীন রাষ্ট্রপতির বাসভবনের কর্মকর্তা ও কর্মচারীরাও সেই আন্দোলনে যোগ দিয়েছিলেন। নতুন প্রজন্মের কাছে সেই সময়কার অনুভূতি তুলে ধরে উপাচার্য বলেন যারা মুক্তিযুদ্ধ করেছেন, এখনও জাতীয় সংগীত পরিবেশনের সময় তাদের চোখে পানি চলে আসে। জাতীয় পতাকা ও জাতীয় সংগীতের প্রতি শ্রদ্ধা জানানো সবার নৈতিক দায়িত্ব। বর্তমান প্রজন্মকে '৭১ এর চেতনা ধারণ করতে হবে এবং এই চেতনা আগামী প্রজন্মের কাছে পৌঁছে দিতে হবে। সকলকে এই চেতনা বুকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে উদ্বুদ্ধ হতে হবে। '৭১এ সাড়ে সাত কোটি বাঙালী যেভাবে সংঘবদ্ধ হয়েছিল আজও দেশমাতৃকার স্বার্থে তারা সেভাবেই সংঘবদ্ধ হয়ে এগিয়ে যাবে। তাহলেই এগিয়ে যাবে বাংলাদেশ।

গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের আয়োজনে 'আমার ভাষার চলচ্চিত্র-১৪২৩' শীর্ষক ৫-দিনব্যাপী চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের সঞ্চালক ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বাংলাদেশের চলচ্চিত্র আন্দোলনের পথিকৃত মুহম্মদ খসরু-কে আজীবন সম্মাননা প্রদান করেন।

অধ্যাপক খাদিজা খাতুনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক অধ্যাপক খাদিজা খাতুন বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে গত ২৭ ফেব্রুয়ারি ২০১৭ রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। তিনি দুই মেয়ে, এক ছেলেসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।

অধ্যাপক খাদিজা খাতুনের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক খাদিজা খাতুন একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ও গবেষক ছিলেন। পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক হিসেবে তিনি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মরহুমার রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

আমির হোসেনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ইংরেজি দৈনিক 'ডেইলি সান'র ভারপ্রাপ্ত সম্পাদক প্রথিতযশা সাংবাদিক আমির হোসেন-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৬ মার্চ ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, আমীর হোসেন ছিলেন একজন সৎ এবং নিষ্ঠাবান সাংবাদিক। তাঁর মৃত্যুতে দেশ একজন নির্ভীক, কর্তব্যনিষ্ঠ ও নিবেদিতপ্রাণ সাংবাদিককে হারালো। তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনাকে সবসময় গুরুত্ব দিয়ে সাংবাদিকতা পেশায় দায়িত্বশীল ভূমিকা পালন করেছেন। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে নিজ দায়িত্ব পালন করতে গিয়ে অনেক গুরুত্বপূর্ণ সংবাদ সংগ্রহ ও পরিবেশন করেছেন। জাতি তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, আমির হোসেন ৬ মার্চ ২০১৭ রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

জাতির জনক বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষে ঢাবি'র কর্মসূচী

(১ম পৃষ্ঠার পর)

চিত্রাঙ্কণ প্রতিযোগিতা

সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত চারুকলা অনুষদের আয়োজনে ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হবে চিত্রাঙ্কণ প্রতিযোগিতা। এতে ঢাকা ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল ও কলেজ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, নীলক্ষেত উচ্চ বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকাসমূহের শিশুরা অংশগ্রহণ করতে পারবে। মোট তিনটি গ্রুপে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে: গ্রুপ-ক প্লে-গ্রুপ থেকে ৩য় শ্রেণি পর্যন্ত, গ্রুপ-খ ৪র্থ শ্রেণি থেকে ৭ম শ্রেণি পর্যন্ত এবং গ্রুপ-গ ৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত। প্রতিযোগীদের বয়স বা শ্রেণি যাচাইয়ের জন্য স্কুলের পরিচয়পত্র ও একটি সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে। কর্তৃপক্ষ ছবি আঁকার কাগজ সরবরাহ করবে; অন্যান্য উপকরণ নিজেদের নিয়ে আসতে হবে। চিত্রাঙ্কণ প্রতিযোগিতায় প্রত্যেক গ্রুপে শ্রেষ্ঠ ১০টি হিসেবে মোট ৩০টি পুরস্কার প্রদান করা হবে।

৭ম রসায়ন অলিম্পিয়াড

বাংলাদেশ রসায়ন সমিতি আয়োজিত '৭ম বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড'-এর চূড়ান্ত পর্ব গত ১৭ ফেব্রুয়ারি ২০১৭ কার্জন হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বাংলাদেশ রসায়ন সমিতির সভাপতি আবুল বাসার মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের ভাইস-চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ আহসানুল আলম পারভেজ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, অন্যান্যের মধ্যে রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহার, ৭ম অলিম্পিয়াডের আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েবসহ রসায়ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্বাঙ্গণে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে রসায়নে পারদর্শিতা অর্জনের ওপর গুরুত্বারোপ করেন। বর্তমান বিশ্বায়নের প্রতিযোগিতায় টিকে থাকতে দেশে রসায়ন শিক্ষার আরও সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, তরুণ প্রজন্মের কাছে এই শিক্ষা জনপ্রিয় করতে বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, দেশের ৯টি কেন্দ্রের উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে থেকে নির্বাচিত মোট ১৭১জন প্রতিযোগী চূড়ান্ত পর্বে অংশগ্রহণের সুযোগ পায়। চূড়ান্ত পর্বের বিজয়ী সেরা ১০জন প্রতিযোগীকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হয়।

রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ শীর্ষক সেমিনার

মহান একুশে উদ্‌যাপন উপলক্ষে ঢাবি ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ২০ ফেব্রুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় আরসি মজুমদার অডিটোরিয়ামে "রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ সম্পর্কে আলোকপাত করে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. রফিকুল ইসলাম এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন। ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার হোসেন সভাপতিত্বে অনুষ্ঠিত এতে আরও উপস্থিত ছিলেন ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ।

অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর

শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি'র মধ্যে গত ২৬ ফেব্রুয়ারি ২০১৭ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি'র উপাচার্য অধ্যাপক স্কট বাউম্যান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি'র স্কুল অব বিজনেস এন্ড ল' এর ডিন অধ্যাপক লি ডি মিলিয়া, ডেপুটি ডিন অধ্যাপক জুলিয়ান টেচার, বিজনেস প্রোগ্রামের প্রধান ড. এজাজ আহমেদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি পেশাগত দক্ষতা বাড়াতে একযোগে কাজ করবে। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্র -শিক্ষক বিনিময় এবং তথ্য-উপাত্ত আদান-প্রদান করা হবে। এছাড়া, এই দু'বিশ্ববিদ্যালয় যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণ ও শিক্ষা সফরের আয়োজন করবে।

সমাজে সত্য প্রতিষ্ঠার চেষ্টা চালিয়ে যেতে হবে - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সত্য অনুসন্ধান ও প্রকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে উল্লেখ করে বলেছেন, শিক্ষার্থীদের সত্যকে ধারণ করতে হবে এবং সমাজে সত্য প্রতিষ্ঠার জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। গত ৯ ফেব্রুয়ারি ২০১৭ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ আয়োজিত "ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারক বক্তৃতা" অনুষ্ঠান উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সংস্কৃতি মন্ত্রণালয়ের আর্থিক সহযোগিতায় এই স্মারক বক্তৃতার আয়োজন করা হয়।

বাংলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. বেগম আকতার কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে ইউজিসি অধ্যাপক ড. গালিব আহসান খান, রাজশাহী বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক সনৎকুমার সাহা এবং বিশিষ্ট লেখক আহমদ রফিক স্মারক বক্তৃতা প্রদান করেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ আজিজুল হক।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, প্রথিতযশা পণ্ডিত ড. মুহম্মদ শহীদুল্লাহ নিজেকে শুধু পাঠ্য বইয়ের মধ্যে সীমাবদ্ধ রাখেননি। সমাজে সত্য প্রতিষ্ঠার জন্য তিনি কাজ করে গেছেন। সমকালীন সমাজ নিয়ে তিনি শ্রেণি কক্ষে আলোচনা করতেন। বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রয়োজনীয়তা তুলে ধরে তিনি প্রবন্ধ লিখেছেন এবং জাতিকে দিকনির্দেশনা দিয়েছেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গত ১৫ জানুয়ারি ২০১৭ অধ্যাপক কাজী শহীদুল্লাহ লেকচার হল উদ্বোধন করেন। এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, কলা অনুষদের প্রাক্তন ডিন অধ্যাপক কাজী শহীদুল্লাহের নামে কলা ভবনের ১০২২ নং কক্ষটির নামকরণ করা হয়েছে। এই কক্ষ সুসজ্জিত ও আধুনিকায়নের জন্য অধ্যাপক কাজী শহীদুল্লাহ আর্থিক অনুদান প্রদান করেন।

গত ৮ ফেব্রুয়ারি ২০১৭ বিদ্যালয় প্রাঙ্গণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের 'বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৭'-এর পুরস্কার বিতরণ করেন। ছবিতে প্রো-উপাচার্যকে শিশুদের হাতে পুরস্কার তুলে দিতে দেখা যাচ্ছে।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

বিশ্ব ব্যাংক প্রতিনিধি

বিশ্ব ব্যাংকের শিক্ষা বিশেষজ্ঞ কোয়েন গেভেন গত ৫ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা করেন। উপাচার্য বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। এসময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে বিশ্ব ব্যাংক প্রতিনিধিকে অবহিত করেন।

যুক্তরাজ্যের অধ্যাপক

যুক্তরাজ্যের বিশিষ্ট নিউরোসাইকোলজিস্ট অধ্যাপক ডেভিড কুইম গত ৬ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের নিউরোসাইকোলজিক্যাল চিকিৎসা সংক্রান্ত সেবা ও প্রশিক্ষণ কর্মসূচী সম্পর্কে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগে তাঁর প্রশিক্ষণ সহযোগিতায় অংশগ্রহণের জন্য এবং চিকিৎসা মনোবিজ্ঞান শিক্ষা সম্পর্কে আগ্রহ প্রকাশ করায় উপাচার্য তাঁকে ধন্যবাদ জানান।

জার্মান প্রতিনিধিদল

জার্মান ইনস্টিটিউট অব ফুড টেকনোলজিস (ডিআইএল)-এর পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. ভকার হেইন্স-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৮ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- একই প্রতিষ্ঠানের অর্থ বিভাগের পরিচালক ড. ক্রিশ্চিয়ান কিচের এবং ড. স্টিফেন বি. ইরমচের। এসময় জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. সাইফুল্লাহ খন্দকার উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জার্মান ইনস্টিটিউট অব ফুড টেকনোলজিস (ডিআইএল)-এর মধ্যে পুষ্টি ও খাদ্যবিজ্ঞান বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।

এসিইউ মহাসচিব

এসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটিজ (এসিইউ)-এর মহাসচিব অধ্যাপক ড. জন উড গত ৮ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ওয়ার্ল্ড ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী, একই বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক এম নূরুল ইসলাম ও কোষাধ্যক্ষ মোর্শেদা চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মুশফিক মান্নান চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন নিয়ে আলোচনা করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য কমনওয়েলথ স্কলারশিপের সংখ্যা বৃদ্ধির ব্যাপারে এসিইউ মহাসচিবের সহযোগিতা চান। এসিইউ মহাসচিব এ ব্যাপারে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

উল্লেখ্য, এসিইউ মহাসচিব অধ্যাপক ড. জন উড ওয়ার্ল্ড ইউনিভার্সিটির ৪র্থ সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসাবে যোগ দিতে বর্তমানে বাংলাদেশ সফর করছেন।

এসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটিজ (এসিইউ)-এর মহাসচিব অধ্যাপক ড. জন উড গত ৮ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

যুক্তরাজ্যের বিশিষ্ট নিউরোসাইকোলজিস্ট অধ্যাপক ডেভিড কুইম গত ৬ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



নেদারল্যান্ডেস-এর আটরেক্ট বিশ্ববিদ্যালয়ের ওয়াটার কোয়ালিটি ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. জেসপার গ্রিফিওন ও ড. ফ্র্যাঙ্ক ভেন লেক হাওয়ার এবং টিইউ ডেল্ট বিশ্ববিদ্যালয়ের ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক ড. বরিস ভেন ব্রুকলিন গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

বিশ্ব ব্যাংকের শিক্ষা বিশেষজ্ঞ কোয়েন গেভেন গত ৫ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

জার্মান ইনস্টিটিউট অব ফুড টেকনোলজিস (ডিআইএল)-এর পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. ভকার হেইন্স-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৮ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ভারতের ‘ইন্ডিয়া লেজার এসোসিয়েশন’-এর প্রাক্তন প্রেসিডেন্ট ও আইআইটি দিল্লীর ডিপার্টমেন্ট অব সায়েন্স এন্ড টেকনোলজির উপদেষ্টা অধ্যাপক সতীশ সি অ্যাবি গত ২২ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জিনাত ইমতিয়াজ আলী উপস্থিত ছিলেন।

ভারতের ইন্দিরা গান্ধী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঢাবি’র সমঝোতা স্মারক স্বাক্ষর

শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের ইন্দিরা গান্ধী বিশ্ববিদ্যালয়ের মধ্যে গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং ইন্দিরা গান্ধী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস. পি. বানসাল নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাকের আহমেদ, অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক, শিক্ষার্থী ও সাংস্কৃতিক কর্মী বিনিময় করা হবে। এছাড়া, দুই বিশ্ববিদ্যালয় বৈজ্ঞানিক তথ্য-উপাত্ত, গবেষণা তথ্য এবং প্রকাশনা আদান-প্রদান করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্দিরা গান্ধী বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, সিম্পোজিয়াম ও সম্মেলন আয়োজন করবে।

আইইইই আন্তর্জাতিক সম্মেলন

সেন্টার ফর ন্যাচারাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ-এর উদ্যোগে “Imaging, Vision & Pattern Recognition” শীর্ষক দিনব্যাপী আইইইই আন্তর্জাতিক সম্মেলন গত ১৩ ফেব্রুয়ারি ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। আইইইই বাংলাদেশ সেকশনের আর্থিক সহযোগিতায় এই সম্মেলন আয়োজন করা হয়।

সম্মেলনের অন্যতম জেনারেল চেয়ার এবং ইন্ডিয়ান স্টাটিস্‌টিকল্ ইনস্টিটিউটটের প্রাক্তন পরিচালক শঙ্কর কে পাল-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এম রেজোয়ান খান, নেদারল্যান্ডস-এর ইউনিভার্সিটি অব টুয়েন্টে-এর অধ্যাপক ড. এন্টন নাইঅল্ট, জাপানের চিবা ইউনিভার্সিটির অধ্যাপক ড. তাইগা ইয়ামাইয়া এবং সম্মেলনের জেনারেল চেয়ার অধ্যাপক ড. মো: আতিকুর রহমান আহাদ বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মানব কল্যাণের লক্ষ্যে প্রযুক্তি বিষয়ক অত্যাধুনিক গবেষণা পরিচালনার জন্য গবেষক ও পেশাজীবীদের প্রতি আহ্বান জানান। গবেষকদের পেশাগত মান উন্নয়নে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, চীন, যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, অষ্ট্রেলিয়া মালয়েশিয়া, জাপান ও নেদারল্যান্ডস-এর বিজ্ঞানী ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

আন্তঃহল ভলিবল প্রতিযোগিতা

ঢাকা বিশ্ববিদ্যালয় বার্ষিক “আন্তঃহল (ছাত্র-ছাত্রী) ভলিবল প্রতিযোগিতা-২০১৭”-এ ছাত্র বিভাগে বিজয় একাত্তর হল এবং ছাত্রী বিভাগে শামসুন নাহার হল চ্যাম্পিয়ন হয়েছে। এছাড়া, ছাত্র বিভাগে জগন্নাথ হল এবং ছাত্রী বিভাগে রোকেয়া হল রানার আপ হয়েছে। ব্যক্তিগত ফলাফল অনুযায়ী শামসুন নাহার হলের ছাত্রী তনুশ্রী দেবনাথ এবং বিজয় একাত্তর হলের ছাত্র ফারুক আহমেদ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছেন।

গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ভলিবল কমিটির চেয়ারম্যান এবং টেলিভিশন, ফিল্ম ও ফটোগ্রাফি বিভাগের অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া। এসময় বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, কর্মকর্তা ও বিপুল সংখ্যক প্রতিযোগী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ২ ফেব্রুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। এবারের আন্তঃহল (ছাত্র-ছাত্রী) ভলিবল প্রতিযোগিতায় মোট ১৭টি দল অংশগ্রহণ করে। এর মধ্যে ছেলেদের ১২টি এবং মেয়েদের ৫টি দল অংশগ্রহণ করে।

আন্তঃবিভাগ বাস্কেটবল

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট। এছাড়া, রানার আপ হয়েছে অর্থনীতি বিভাগ এবং ৩য় স্থান অধিকার করেছে মার্কেটিং বিভাগ।

আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতার চূড়ান্ত খেলা গত ৮ ফেব্রুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় জিমন্যাসিয়াম বাস্কেটবল কোর্টে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিশ্ববিদ্যালয় বাস্কেটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়ার সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, বিভাগীয় প্রধান, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক-কর্মকর্তা এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের পুরস্কার বিতরণ

গত ২৪ ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় কার্জন হল মিলনায়তনে অনুষ্ঠিত হয় ৮ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের পুরস্কার বিতরণী অনুষ্ঠান। বিজ্ঞান একাডেমির সভাপতি ইমেরিটাস অধ্যাপক ড. আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশিষ্ট পদার্থবিজ্ঞানী ও লেখক অধ্যাপক ড. মো: জাফর ইকবাল, জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের সমন্বয়ক অধ্যাপক ড. নঈম চৌধুরী, বিজ্ঞান একাডেমির সচিব অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো: আলী প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বিজ্ঞান চর্চায় উৎসাহিত করার জন্য এ ধরণের উদ্যোগকে সাধুবাদ জানান। সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নে বিজ্ঞান শিক্ষার অগ্রগতি ও গুরুত্ব তুলে ধরেন। দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে জ্ঞান, বিজ্ঞান, প্রযুক্তি ও শিক্ষায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলার আহ্বান জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথি নুরুল ইসলাম নাহিদ এমপি ও বিশেষ অতিথি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অলিম্পিয়াডে বিজয়ীদের মধ্যে পুরস্কার, মেডেল, সদনপত্র, বই এবং উপবৃত্তি বিতরণ করেন।

উল্লেখ্য, নবম হতে দশম শ্রেণির শিক্ষার্থীরা বিদ্যালয় গ্রুপে এবং একাশদ হতে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা কলেজ গ্রুপে বিভক্ত হয়ে দেশের সাতটি বিভাগের প্রায় ৬০০ শিক্ষার্থী জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এর মধ্যে প্রতি গ্রুপে ৩০জন করে সর্বমোট ৬০জন শিক্ষার্থীকে বিজয়ী ঘোষণা করা হয়। ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের সহায়তায় এই জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

প্রিন্টমেকিং বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী ও পুরস্কার বিতরন

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের প্রিন্টমেকিং বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৬ গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে উদ্বোধন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন। অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক মাহমুদুল হক, অধ্যাপক সৈয়দ আবুল বার্‌ক আল্‌ভী, প্রকৌশলী ময়নুল আবেদিন এবং শিল্পী নাজির খোকন। এছাড়া অনুষ্ঠানে বিভাগের চেয়ারম্যান মো. আনিসুজ্জামানসহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বক্তব্যে বলেন- চারুকলা অনুষদের শিক্ষার্থীদের সৃজনশীলতা ও মননশীলতার চর্চা আমাদের আশাবাদী করে তোলে। এখানকার শিক্ষার্থীদের গবেষণাকর্ম, শিল্পকর্ম এবং নিজেদের সৃষ্টিশীলতাকে নিয়ে সামাজিক সচেতনতার লক্ষ্যে এগিয়ে আসতে হবে।

প্রদর্শনী উপলক্ষে চিত্রকর্মের স্বীকৃতিস্বরূপ অনুষ্ঠানে কয়েকজন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। ক্লাস বেস্ট পুরস্কার পেয়েছেন শাকিল মৃধা, গুলতেকিন সাদিয়া, আতিক ফয়সাল তন্ময় ও মো. আশরাফুল আলম। এছাড়া 'শিল্পী সৈয়দ আবুল বার্‌ক আল্‌ভী পুরস্কার' পেয়েছেন মো. শাহেদ হোসেন, 'শিল্পী হাবিবুর রহমান স্মৃতি পুরস্কার' পেয়েছেন তাফাননুম কাগজী, 'শিল্পাচার্য জয়নুল আবেদিন পুরস্কার' পেয়েছেন দিপঙ্কর সিংহা, 'নিরীক্ষামূলক পুরস্কার' পেয়েছেন চিত্রন সাহা, 'শিল্পী মাহমুদুল হক পুরস্কার' পেয়েছেন সঞ্চিতা বিশ্বাস ও 'শিল্পী মোহাম্মাদ কিবরিয়া স্মৃতি পুরস্কার' পেয়েছেন মো. রফিকুল ইসলাম।

সকল মাধ্যমে শ্রেষ্ঠ নিরীক্ষামূলক চিত্রকর্মের জন্য 'শিল্পগুরু সফিউদ্দিন আহমেদ পুরস্কার-২০১৬' পেয়েছেন শাকিব সেলিম। প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দ শাকিব সেলিমের হাতে পঞ্চাশ হাজার টাকার চেক তুলে দেন।

প্রদর্শনী চলে ২৩-২৮ ফেব্রুয়ারি প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত।

অধ্যাপক আবদুল মুকতাদির স্মারক বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের ৮ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক আবদুল মুকতাদির স্মারক বৃত্তি' লাভ করেছেন। গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য

থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহার, ট্রাস্ট ফান্ডের অন্যতম দাতা ড. আবদুল মোনায়েম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমৃদ্ধ দেশ গঠনের লক্ষ্যে নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ভাল একাডেমিক ফলাফলের পাশাপাশি সুনাগরিক হিসাবে গড়ে ওঠতে হবে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো: মাজহারুল ইসলাম, সালমা আক্তার মৌ, ইমরুল শাহরিয়ার, মো: মাহমুদুল হাসান, তানজিনা তুল করিম, পুষ্পিতা আচার্য, রায়হানা আফরোজ এবং মাকসুদা পারভীন।

১ম আন্তর্জাতিক ট্যুরিজম কনফারেন্স

পর্যটন শিল্পের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ও বিশ্ব সম্প্রদায়ের মাঝে পারস্পরিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয়-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের উদ্যোগে "২০৫০ সালের পরে ট্যুরিজমের ভবিষ্যৎ" শীর্ষক ৩দিন ব্যাপী ১ম আন্তর্জাতিক ট্যুরিজম কনফারেন্স গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স

আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাকের আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি হিসেবে ভারতের ইন্দিরা গান্ধী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস. পি বানসাল, ঢাবি-এর প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক কনফারেন্সে অংশগ্রহণকারী দেশী-বিদেশী অতিথিদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, আজ বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে, সে কারণে বিভিন্ন পর্যটন স্থানগুলোতে পর্যটকদের সংখ্যা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে এবং বাংলাদেশে পর্যটন শিল্পের দ্রুত বিকাশ ঘটছে।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক এই শিল্পকে আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, এই শিল্পের সাথে জড়িয়ে আছে পরিবহণ, হোটেল, রেস্টুরেন্ট, শপিংসহ নানা ব্যবসা-বাণিজ্য। অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে এই শিল্পের মাধ্যমে বিশ্ব সম্প্রদায়ের মাঝে পারস্পরিক সম্পর্ক ও অংশীদারিত্ব প্রতিষ্ঠিত হয় বলে উপাচার্য উল্লেখ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, নেপাল, ভূটান, শ্রীলংকা, থাইল্যান্ড, মালয়েশিয়া, নেদারল্যান্ডস, ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশের অনেক স্বনামধন্য ট্যুরিজম গবেষক, শিক্ষক, সরকারী-বেসরকারী সংস্থার নীতি

শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি স্বর্ণপদক প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদে "শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি স্বর্ণপদক" প্রবর্তন করা হয়েছে। এই স্বর্ণপদক প্রবর্তনের লক্ষ্যে প্রয়াত শিল্পী কাইয়ুম চৌধুরীর স্ত্রী শিল্পী তাহেরা খানম ১০ লাখ টাকার একটি চেক গত ১৯ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, গ্রাফিক ডিজাইন বিভাগের চেয়ারম্যান মো: মাকসুদুর রহমান, প্রিন্ট মেকিং বিভাগের চেয়ারম্যান মো: আনিসুজ্জামান, প্রাচ্যকলা বিভাগের চেয়ারম্যান ড. মলয় বালা, কারুশিল্প বিভাগের চেয়ারম্যান ফারুক আহাম্মদ মোল্লা, শিল্পকলার ইতিহাস বিভাগের চেয়ারপার্সন সাবরিনা শাহনাজ, দাতার পুত্র ও ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মইনুল ইসলাম জাবের, পুত্রবধু ও ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক মৃত্তিকা সহিতা এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদভুক্ত ৮টি বিভাগের বি.এফ.এ. সম্মান ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী একজন মেধাবী শিক্ষার্থীকে "শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি স্বর্ণপদক" প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। এর মাধ্যমে শিক্ষার্থীরা উপকৃত ও অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। উপাচার্য দেশের শিল্প ও সংস্কৃতি চর্চায় প্রখ্যাত শিল্পী কাইয়ুম চৌধুরীর অনন্য অবদান স্মরণ করেন। প্রয়াত শিল্পীর স্মৃতির প্রতিও তিনি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের প্রাক্তন অধ্যাপক কাইয়ুম চৌধুরী ১৯৩২ সালের ৯ মার্চ জন্মগ্রহণ করেন এবং ২০১৪ সালের ৩০ নভেম্বর ইন্তেকাল করেন।

সাংবাদিক গোলাম সারওয়ারকে আজীবন সম্মাননা এবং ৫ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

দেশে সাংবাদিকতা পেশার উন্নয়নে অনন্য অবদানের জন্য দৈনিক সমকালের সম্পাদক গোলাম সারওয়ারকে "আতাউস সামাদ স্মারক ট্রাস্ট আজীবন সম্মাননা" প্রদান করা হয়েছে। এছাড়া, ২০১৬ সালের স্নাতক সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৫ জন মেধাবী শিক্ষার্থীকে "আতাউস সামাদ স্মারক বৃত্তি" প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২২ জানুয়ারি ২০১৭ অধ্যাপক মুজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই সম্মাননা ও বৃত্তি প্রদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ এই অনুষ্ঠান আয়োজন করে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে আতাউস সামাদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত সাংবাদিক এবিএম মুসা অর্থ প্রদান করেছিলেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। 'সাংবাদিকতার দর্শন' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ। অনুষ্ঠান সঞ্চালন করেন সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মিথ্যার সঙ্গে নিজেদের সম্পৃক্ত না করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, জীবনের ঝুঁকি নিয়ে হলেও সত্য প্রকাশ করতে হবে। বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, আংশিক নয়, শতভাগ সঠিক তথ্যই গণমাধ্যমে প্রকাশ করা উচিত।

আতাউস সামাদ স্মারক বৃত্তি প্রাপ্তরা হলেন - মোতাসিম বিল্লাহ, মো: আল-আমিন মোল্লা, আব্দুল বারিক, মো. আল-আমিন এবং ইব্রাহিম মল্লিক।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫